ঝিনাইদহে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের বাধা !

ঝিনাইদহে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের “মার্চ ফর জাস্টিস” কর্মসূচীতে পুলিশের বাধার শিকার হয়েছে।

আজ বুধবার (৩১ জুলাই) দুপুর আড়াইটার দিকে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে ঝিনাইদহ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ভিআইপি রোড দিয়ে বিক্ষোভ মিছিল নিয়ে আদালতের দিকে যাওয়ার চেষ্টা করে এসময় এলজিইডি পিছনের দিকে পৌছালে পুলিশ তাদের বাধা দেয়।

পরে পুলিশের সাথে আধা ঘন্টা ব্যাপি আন্দোলনকারীদের তর্ক-বির্তক হয়। অবশেষে পুলিশের বাধায় তারা পিছু হটতে বাধ্য হয়। তবে আন্দোলন কারীবা একটু পিছনে গিয়ে তাদের বিক্ষোভ প্রদর্শণ করেণ এবং তাদের নয় দফা দাবি সম্বলিত বক্তব্য পেশ করেণ এছাড়া বৃহস্পতিবারের কর্মসূচী ঘোষণা করেণ।

এসময় সমন্বয়কারীদের মধ্যে তানভীর রহমান, হুসাইন. শারমিন সুলতান, রত্না উপস্থিত ছিলেন। আন্দোলনকারীরা জানান আগামীকাল সকাল ১০টা থেকে শহীদ মিনারে অবস্থান কর্মসূচীসহ তাদের বাদী আদায় না হওয়া পর্যন্ত প্রতিদিন কর্মসূচী অব্যাহত থাকবে।

এসময় পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান, সদর সার্কেলের এএসপি ইমরান জাকারিয়া, ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহীন উদ্দীন এবং ডিবি, ডিএসবিসহ পুলিশের সকল শাখার কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এদিকে সকাল থেকে পুলিশ শহরে ছিল সতর্ক অবস্থায় ছিল রাস্তায় চেককপোষ্ট, কোর্টের সামনে একজন মেজিষ্ট্রেটের সমন্বয়ে এক প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছিল।

কুষ্টিয়ায় পুলিশের বাধা

উপেক্ষা করে মহাসড়কে ইবি শিক্ষার্থীদের বিক্ষোভ

সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে পুলিশের বাধা উপেক্ষা করে কুষ্টিয়া-খুলনা মহাসড়কে বিক্ষোভ করছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থীরা। যেকোনো বাধা উপেক্ষা করে আন্দোলন চালিয়ে যাবেন বলে জানান তারা।

আজ বৃহস্পতিবার (১১ জুলাই) বিকেল ৪টা থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে বিক্ষোভ মিছিল বের করেন শিক্ষার্থীরা। পুলিশ মেইন গেট বন্ধ করে দিলেও বাধা উপেক্ষা করে মহাসড়কে অবস্থান নিয়েছেন শিক্ষার্থীরা।

প্রসঙ্গত, সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা বাতিল করে ২০১৮ সালের পরিপত্র পুনর্বহালের দাবিতে টানা অবরোধ কর্মসূচি পালন করছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। গত ৭ জুলাই থেকে ‘বাংলা ব্লকেড’ নামে কর্মসূচি শুরু হয়। প্রথম দু-দিন অর্ধদিবস অবরোধ চলার পর মঙ্গলবার একদিন বিরতি দিয়ে গতকাল বুধবার সকাল-সন্ধ্যা অবরোধ কর্মসূচি চলে।

সব গ্রেডে সকল প্রকার অযৌক্তিক ও বৈষম্যমূলক কোটা বাতিল করে সংবিধানে উল্লিখিত অনগ্রসর গোষ্ঠীর জন্য কোটাকে ন্যূনতম পর্যায়ে এনে সংসদে আইন পাস করে কোটা পদ্ধতিকে সংশোধন করতে হবে।

ঝিনাইদহে পুলিশের বাঁধায় বিএনপির কালো পতাকা মিছিল পন্ড

ঝিনাইদহে পুলিশের বাঁধায় পন্ড হয়েছে বিএনপির কালোপতাকা মিছিল। কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে সকালে জেলা বিএনপির কার্যালয়

চত্বরে বিভিন্ন উপজেলা থেকে দলীয় নেতাকর্মীরা জড়ো হওয়ার চেষ্টা করলে পুলিশ তাদের সরিয়ে দিয়ে কার্যালয়ের সামনে অবস্থান নেয়।

পরে দলীয় কার্যালয় থেকে নেতাকর্মীরা মিছিল বের করার চেষ্টা করলে পুলিশ তাদের বাঁধা দেয়। পুলিশের বাঁধায় মিছিল করতে না পেরে সেখানেই সমাবেশ করে তারা।

সেসময় বিএনপির খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ-সভাপতি কামাল আজাদ পান্নু, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা দ্রব্যমুল্যের উর্দ্ধগতির প্রতিবাদ জানিয়ে ও বেগম খালেদা জিয়াসহ সকল নেতাকর্মীদের নামে মিথ্যা ও ষড়যন্ত মূলক মামলা প্রত্যাহার ও সংসদ নির্বাচন বাতিলের দাবী জানান।

হরিণাকুণ্ডুতে বিএনপি’র পদযাত্রা কর্মসূচিতে পুলিশের বাধা

বেগম খালেদা জিয়াসহ সকল রজবন্দিদের মুক্তি, সরকারের দমন-পীড়ন, সন্ত্রাস নির্যাতনের বিরুদ্ধে বিদুৎ, গ্যাস ও নিত্যপণ্যের মূল্য কমানোসহ ১০দফা দাবিতে বিএনপি’র কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে হরিণাকুণ্ডুতে বিএনপি উদ্যোগে বিভিন্ন ইউনিয়নে পদযাত্রা কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১১ ফেব্রুয়ারী) বিকাল ৩টায় উপজেলার ৮টি ইউনিয়নে একযোগে এই কর্মসূচী শুরু হয়। পদযাত্রা কর্মসূচী পালন কালে উপজেলার ৬নং ফলসী ইউনিয়নের কুলবাড়ীয়া বাজারে এবং ৭নং রঘুনাথপুর ইউনিয়নের চরপাড়া বাজারে পুলিশের বাধার সম্মুখীন হয়। পরে সমাবেশ সংক্ষিপ্ত করে পদযাত্রা শেষ করতে হয়েছে।

এছাড়া ভায়না ও জোড়াদহ ইউনিয়নে বিএনপির শান্তিপূর্ণ পদযাত্রায়

আওয়ামী লীগ হামলা করে করেছে বলে জানান উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক তাইজাল হোসেন। তিনি আরও বলেন জোড়াদহ ও জটারখাল বাজারে বিএনপির পদযাত্রা কালে আওয়ামী লীগের হামলায় উপজেলার তৈলটুপি গ্রামের মওলা বকশো ও জহুরুল ইসলাম গুরতর আহত হয়। এত বাধার মুখেও অন্যান্য ইউনিয়নে বিএনপির সংক্ষিপ্ত পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে বলে তাইজাল হোসেন বিএনপির তৃনমুলের নেতাকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেণ।

পদযাত্রা সফল করতে ভায়না ইউনিয়নের দায়িত্বে ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আবুল হাসান মাস্টার, জোড়াদহ ইউনিয়নে জেলা বিএনপির সদস্য আফাঙ্গীর বিশ্বাস, ফলসী ইউনিয়নে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, তাহেরহুদা জেলা বিএনপির নেতা আব্দুল মমিনসহ বিভিন্ন ইউনিয়নের বিএনপি, যুবদল, ছাত্রদল, কৃষকদল এই কর্মসূচী বাস্তবায়নে অংশ গ্রহন করে।